

সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ:

স্থাপিলা বিধুরে বিধি স্থানুর ললাটে/ পড়ি কি ভূতলে শশী যান গড়াগড়ি...

ছত্রটি কবি মাইকেল মধুসূদন দত্ত রচিত মেঘনাদবধ কাব্যের অন্তর্গত ইন্দ্রজিৎ ও বিভীষণ কবিতাংশ থেকে নেওয়া হয়েছে।

কাকা বিভীষণের মুখে রাঘবের দাস ও রামের বিরুদ্ধে কাজ করা অসম্ভব- একথা শুনে কাকার পরিবর্তিত মানসিকতাকে পুনরুদ্ধার করার উদ্দেশ্যে ইন্দ্রজিৎ এই উপমালব্ধক উক্তিটি করেছেন।

বিধি অর্থাৎ বিধাতা চাঁদকে আকাশে নিশ্চল করে স্থাপন করেছেন। বা পৌরাণিক মতে চাঁদের অবস্থান শিবের কপালে। চাঁদ তার সেই সম্মানজনক অবস্থান থেকে পতিত হয়ে কখনোই ধূলায় গড়াগড়ি যায় না। মূলত বিভীষণকে স্বীয় মর্যাদা ও লক্ষ্মণের মর্যাদার তুলনা বোঝাতে মেঘনাদ এ রকম উক্তি করেন। উদাহরণের দ্বারা ইন্দ্রজিৎ বলতে চেয়েছেন মহান রাক্ষস বংশ হল শিবের ললাট বা আকাশ। সেই বংশের সন্তান বিভীষণ হলেন চন্দ্র তুল্য। কোনো কারণেই বিভীষণের রামচন্দ্রের পক্ষে যোগদান করা উচিত হয়নি কারণ তা হবে চন্দ্রের আকাশ ছেড়ে ধূলায় গড়াগড়ি যাওয়ার সামিল এই উপমা প্রয়োগ করে ইন্দ্রজিৎ তার কাকার মানসিক তথা চারিত্রিক অধঃপতন কে বোঝাতে চেয়েছেন। চাঁদ যেমন নিজের মর্যাদা ভুলে গিয়ে কখনো ধূলায় গড়াগড়ি খায় না তেমনি বিভীষণের উচিত হয়নি নিজের মর্যাদা ভুলে রামের দাসত্ব গ্রহণ করা।